



অতীতে কেউ ছাত্রলীগ করলেও এনসিপিতে আসতে পারবে: নাহিদ ইসলাম



নাহিদ ইসলাম। ছবি: সংগৃহীত

জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)-এর আহ্বায়ক নাহিদ ইসলাম বলেছেন, আগে কেউ যে দলের রাজনীতির সঙ্গে যুক্ত ছিলেন, তা এনসিপিতে যোগদানের ক্ষেত্রে বাধা নয়। তবে ফ্যাসিবাদ, গণহত্যা, চাঁদাবাজি বা দুর্নীতির সঙ্গে জড়িতদের দলে নেওয়া হবে না।
রোববার (১৯ এপ্রিল) রাজধানীর বাংলামোটরে দলের অস্থায়ী কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে, বিভিন্ন রাজনৈতিক প্ল্যাটফর্ম থেকে আসা নেতাদের যোগদান উপলক্ষে তিনি এ কথা বলেন।

নাহিদ ইসলাম জানান, যারা বৈষম্যহীন গণতান্ত্রিক বাংলাদেশ গড়তে চান এবং দায়িত্বশীল রাজনীতিতে বিশ্বাস করেন, তাদের নিয়েই এনসিপি এগোতে চায়। একই লক্ষ্য নিয়ে কাজ করা মানুষরা এখন আনুষ্ঠানিকভাবে এক প্ল্যাটফর্মে একত্রিত হচ্ছেন বলেও উল্লেখ করেন তিনি।
তিনি আরও বলেন, ভবিষ্যতে নতুন কোনো স্বৈরতন্ত্রের উত্থান ঠেকাতে তরুণদের সক্রিয় থাকতে হবে। পাশাপাশি জনগণের দেওয়া সংস্কারের পক্ষে রায় বাস্তবায়ন করে তাদের অধিকার নিশ্চিত করার আহ্বান জানান তিনি।